

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন (৪র্থ কোয়ার্টার) সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী :

সভাপতি	ড. মো: হুমায়ুন কবীর বিভাগীয় কমিশনার
সভার তারিখ	১৩ জুন ২০২১ খ্রি.
সভার সময়	দুপুর ১২.০০ টা
স্থান	জুম প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত
উপস্থিতি	...

সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভায় অনলাইনে যুক্ত সকলকে স্বাগত জানান। তিনি বলেন যে, এ কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ১৩.৩ নং ক্রমিকে আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। তদপ্রেক্ষিতে আওতাধীন/মাঠ পর্যায়ের অফিসমূহের ওয়েবসাইটের সেবাবক্সসমূহ হালনাগাদকরণ, জি আর এস সিস্টেমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, দুর্নীতি বিরোধী কার্যক্রম বাস্তবায়ন এবং মূল্যায়ন নির্দেশিকা পর্যালোচনাসহ বিবিধ বিষয়ে ফিডব্যাক প্রদানের জন্য এ কর্মশালার আয়োজন করা হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), রাজশাহী বিভাগ, রাজশাহী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকা মোতাবেক আওতাধীন জেলা প্রশাসকের কার্যালয়সমূহের ২০২১-২০২২ অর্থ বছরের খসড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার প্রতিটি সূচক পর্যালোচনা করেন। জেলা প্রশাসকের কার্যালয়সমূহের খসড়া কর্মপরিকল্পনার অসংগতি নিয়ে সভায় আলোচনা করেন এবং অসংগতিসমূহ দূরীকরণে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। তাছাড়া জেলা প্রশাসকের কার্যালয়সমূহের সেবাবক্সসমূহ পর্যালোচনায় দেখা যায় যে, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাটের তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবক্স হালনাগাদ নেই। তিনি তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবক্স হালনাগাদকরণের অনুরোধ করেন। তিনি বলেন যে, শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে নির্দেশিকার ৯নং ক্রমিকের দুর্নীতি বিরোধী কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।

অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর স্বমূল্যায়িত প্রতিবেদন আগামী ১৫/০৭/২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০২.	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনায় অনলাইনে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৩.	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১ এর ০৯ নং ক্রমিকে বর্ণিত দুর্নীতি বিরোধী কার্যক্রম বাস্তবায়নে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ
০৪	তথ্য অধিকার সেবাবক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবাবক্স হালনাগাদ করতে হবে।	জেলা প্রশাসক, জয়পুরহাট
০৫	২০২১-২০২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা চূড়ান্ত করে আগামী ২৫/০৬/২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: হামায়ুন কবীর
বিভাগীয় কমিশনার


স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০১২.২৫.০০৭.২১.৯৩৫

তারিখ: ৬ আষাঢ়. ১৪২৮

২০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৩) অতিরিক্ত বিভাগীয় কমিশনার, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৪) জেলা প্রশাসক, রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
- ৫) একান্ত সচিব, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



শাহীন মিয়া
সহকারী কমিশনার